

নিয়ন্ত্রক  
শিক্ষা মন্ত্রণালয়  
সংস্কৃত শিক্ষা প্রতিষ্ঠান  
অনুসন্ধান-প্রশাসন  
২৭.০৯.২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সেবা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.০৪.০০১.২৩-২০৯

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০  
২৫ সেপ্টেম্বর ২০২৩


বিষয়: ০৫ অক্টোবর ২০২৩ তারিখে বিশ্ব শিক্ষক দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি/আলোচনা সভা/সেমিনার আয়োজন।

সূত্র: বিশ্ব শিক্ষক দিবস উদযাপন উপলক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ২০/০৯/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ অক্টোবর ২০২৩ তারিখে “বিশ্ব শিক্ষক দিবস” উদযাপিত হবে। উক্ত দিবস উদযাপন উপলক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

“শিক্ষা প্রতিষ্ঠানে নিজ উদ্যোগে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের ভূমিকা এবং শিক্ষকদের প্রতি শিক্ষার্থীসহ সকলের শ্রদ্ধাবোধ এবং সম্মান বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা তৈরিতে প্রাক্তন এবং বর্তমানে কর্মরত শিক্ষক এবং শিক্ষার্থীসহ অংশীজনদের অংশগ্রহণে ০৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি /আলোচনা সভা/সেমিনারের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়”।

০২। বর্ণিতাবস্থায়, ০৫ অক্টোবর ২০২৩ তারিখ বিশ্ব শিক্ষক দিবসে তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি /আলোচনা সভা/ সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো. মনিরুল ইসলাম মিলন)  
সহকারী সচিব  
ফোন: ২২৩৩৮৪৫৮২

- ১। চেয়ারম্যান,  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,  
শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক,  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৬। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
বগুড়া সদর, বগুড়া।  
e-mail : useobogsadar2014@gmail.com




স্মারক নং- ৩৭.০২.১০২০.০০০.১৮.০০০.২০২৩-৪৪২ (৩০)  
অনুলিপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

তারিখ : ০২/১০/২০২৩খ্রিঃ

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-----বগুড়া সদর, বগুড়া

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী আগামী ০৫ অক্টোবর ২০২৩ তারিখ “বিশ্ব শিক্ষক দিবস” উদযাপন উপলক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সিদ্ধান্ত এবং উপজেলা কমিটির গত ০২/১০/২০২৩ তারিখের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত মোতাবেক দিবসটি যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে বিনীতভাবে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

  
, ০২/১০/২০২৩  
(মোঃ গোলাম মাহবুব মৌরশেদ)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
বগুড়া সদর, বগুড়া।  
ফোন নং ০২৫৮৯৯০৪৪৬৮

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।